

# আজকাল

December 13, 2023

## প্রবাসী প্রাক্তনী

সম্প্রতি কলকাতা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তনী সমিতির উত্তর আমেরিকা শাখার পুনর্মিলন উৎসব হল। ২৫ বছর ধরে এই সমিতি তাদের সার্থশতবর্ষ প্রাচীন শিক্ষা প্রতিষ্ঠানের ঐতিহ্য বহন করে চলেছে উত্তর আমেরিকার পূর্ব উপকূলে, ওয়াশিংটন, মেরিল্যান্ড, ভার্জিনিয়া অঞ্চলকে কেন্দ্র করে। ওয়াশিংটন ডিসির পোটোম্যাক শহরে এই উৎসবে মন্টগোমারি কাউন্টি পাবলিক স্কুলকে আর্থিক সাহায্য করা হয়। প্রাক্তনী সমিতি স্বীকৃতি জানাল একটি উচ্চবিদ্যালয়কে, যারা নিজস্ব চেষ্টায় দক্ষিণ-পূর্ব এশিয়ার ইতিহাসকে অন্তর্ভুক্ত করেছে তাদের ঐচ্ছিক পাঠ্যক্রমে। প্রকাশিত হল বাৎসরিক সাহিত্য পত্রিকা 'প্রাক্তনী'। সমিতি দেশে দরিদ্র শিশুদের মধ্যে শিক্ষা সম্প্রচারে স্বেচ্ছাসেবী সংস্থাকে আর্থিক সাহায্য, ক্রিসমাসে ওয়াশিংটন ডিসি, দুঃস্থ পড়ুয়াদের বই দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে। বক্তব্য পেশ করেন বিশ্ববিদ্যালয়ের প্রাক্তনী প্রদীপ ঘোষ।